তারিখ 21 NOV 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

কালের কণ্ঠ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# নিজ ঘরে কেন্দ্রীয় ছাত্রলীগ নেতার ঝুলন্ত লাশ

চবি প্রতিনিধি ▷

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিজের বাসা থেকে কেন্দ্রীয় ছাত্রলীগের সহসম্পাদক ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক দিয়াজ ইরফান চৌধুরীর (২৫) ঝুলন্ত লাশ উদ্ধার করা হয়েছে। গতকাল রবিবার রাত সাড়ে ৯টার দিকে বাসার ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় তাঁর লাশ পাওয়া যায় বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয় পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. মোকাদ্দেস মিয়া। স্বজনদের অভিযোগ, দিয়াজকে হত্যার পর ঝুলিয়ে রাখা হয়েছে।

জানা গেছে, দিয়াজ ইরফান চৌধুরী মার্কেটিং বিভাগের ২০০৬-০৭ সেশনের শিক্ষার্থী ছিলেন। বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের একাংশের (বাংলার মুখ) নিয়ন্ত্রক ও সিটি মেয়র আ জ ম নাছির উদ্দিনের অনুসারী ছিলেন তিনি। বিশ্ববিদ্যালয়ের ২ নম্বর গেট এলাকায় পরিবার নিয়ে মো. সেলিম হোসেনের বাসায় ভাড়া থাকতেন। গতকাল রাতে তাঁর ঝুলন্ত লাশ উদ্ধারের খবর ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে ছাত্রলীগের নেতাকর্মীরা তাঁর বাসার আশপাশে ভিড় জমায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসে আলামত সংগ্রহ করে।

দিয়াজের মৃত্যুকে কেন্দ্র করে ক্যাম্পাসে বর্তমানে উত্তেজনা বিরাজ করছে। তাঁর অনুসারীরা বলছে, এটা সুইসাইড নয় বরং পরিকল্পিত হত্যাকাণ্ড।

ওই এলাকার বাসিন্দা মেহরাজ হোসেন জানান, 'হঠাৎ খবর পেয়ে এসে দিয়াজ ভাইয়ের বাসার জানালা দিয়ে দেখি তাঁর লাশ ঝুলছে। গতকাল সুবর্ণ জয়ন্তীতে ভাইয়ার সাথে ছবি তুললাম। গতকালই সবার সাথে কত মজা করেছেন, অথচ আজ তিনি নেই।'

পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. মোকাদ্দেস মিয়া রাত ১০টায় কালের কণ্ঠকে বলেন, 'বাসার দ্বিতীয় তলার নিজ কক্ষে দিয়াজের লাশটি ফ্যানের সাথে ঝুলছে। ভেতর থেকে লক করা থাকায় আমরা ভেতরে প্রবেশ করতে পারিনি। তবে উদ্ধারপ্রক্রিয়া চলছে। কিভাবে মৃত্যু হয়েছে সেটা তদন্ত সাপেক্ষে বলা যাবে।'

সম্প্রতি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের অন্তঃকোন্দলের জের ধরে দিয়াজের বাসা ভাঙচুর হয়। এর পর থেকে তাঁর মা ওই বাসায় থাকেন না। তাঁর ছোট ভাই ঢাকায় থাকেন। দিয়াজ একাই বাসায় থাকতেন বলে জানা গেছে।